

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ ফেব্রুয়ারি ২০১৬

নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৯.২০১৫-১০৪—হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মান উন্নয়নের লক্ষ্যে জেলা সদর/ জেনারেল হাসপাতালের ব্যবস্থাপনা কমিটি গঠন সংক্রান্ত গত ১২-১০-২০১৫ খ্রিঃ তারিখের নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৯.২০১৫-৬০১ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনসহ ইতোপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।

২। জেলা সদর/জেনারেল হাসপাতালের ব্যবস্থাপনা কমিটি সংশোধন করে নিম্নোক্ত কমিটি পুনর্গঠন করা হ'ল :

- | | |
|--|-------------|
| ১। সংশ্লিষ্ট জেলার জ্যেষ্ঠ মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য | : সভাপতি |
| ২। সংশ্লিষ্ট জেলার সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য (যদি থাকেন) | : সহ-সভাপতি |
| ৩। জেলা প্রশাসক | : সহ-সভাপতি |
| ৪। মেয়র পৌরসভা | : সদস্য |
| ৫। উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা | : সদস্য |
| ৬। সিভিল সার্জন | : সদস্য |
| ৭। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : সদস্য |

(২৩১৫)

মূল্য : টাকা ৪.০০

৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	:	সদস্য
৯। পৌরসভা কর্তৃক মনোনিত একজন মহিলা কাউন্সিলর	:	সদস্য
১০। একজন এন. জি. ও. প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক নির্বাচিত)	:	সদস্য
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা প্রেস ক্লাব	:	সদস্য
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা বিএমএ কার্যালয়	:	সদস্য
১৩। স্থানীয় (লায়ন্স/ রোটারী) এপেক্স ক্লাব এর একজন প্রতিনিধি (কমিটির প্রথম সভায় মনোনিত হবে)	:	সদস্য
১৪। জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি	:	সদস্য
১৫। জেলা প্রশাসক কর্তৃক মনোনিত একজন মহিলা সমাজ সেবক	:	সদস্য
১৬। সেবিকা প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মনোনিত)	:	সদস্য
১৭। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড ১১-১৫ এর অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মনোনিত একজন কর্মচারী প্রতিনিধি (পূর্বতন ৩য় শ্রেণির কর্মচারী)	:	সদস্য
১৮। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড ১৬-২০ এর অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মনোনিত একজন কর্মচারী প্রতিনিধি (পূর্বতন ৪র্থ শ্রেণির কর্মচারী)	:	সদস্য
১৯। তত্ত্বাবধায়ক, সদর/জেনারেল হাসপাতাল	:	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি :

- ১। কমিটির সভাপতির অনুমতি সাপেক্ষে অথবা আটজন সদস্যের লিখিত অনুরোধ সাপেক্ষে সদস্য-সচিব সভা আহ্বান করবেন।
- ২। সভাপতির অনুপস্থিতিতে তাঁর অনুমতিক্রমে সংশ্লিষ্ট জেলার সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য (যদি থাকেন) কমিটির সভা পরিচালনা করবেন।
- ৩। সভাপতি ও সংশ্লিষ্ট জেলার সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের (যদি থাকেন) অনুপস্থিতিতে সভাপতির অনুমতিক্রমে জেলা প্রশাসক কমিটির সভা পরিচালনা করবেন।
- ৪। কমিটি মাসে ন্যূনতম একবার আলোচনায় মিলিত হবেন।
- ৫। কোন যুক্তিসংগত কারণ ব্যতীত কোন সদস্য পর পর তিনবার অনুপস্থিত থাকলে তার সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।
- ৬। কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে সংখ্যা কোনভাবেই তিনজনের বেশী হবে না কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তি উৎসাহিত করতে হবে।
- ৭। মূল কমিটির ন্যূনতম নয়জনের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে।

- ৮। কমিটি জেলা হাসপাতাল হতে প্রদত্ত সেবার (নিরাময় ও প্রতিষেধক) পরিমাণগত ও গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবে। বিশেষতঃ বীর মুক্তিযোদ্ধা, হতদরিদ্র, মহিলা, শিশু, বৃদ্ধ ও সুবিধাবঞ্চিতদের সেবা সুনিশ্চিত করবে।
 - ৯। কমিটি স্থানীয়ভাবে সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহার করতে পারবেন। সরকার কর্তৃক বরাদ্দকৃত সম্পদের (মানব সম্পদ, ঔষধ, যন্ত্রপাতি, আসবাবপত্র, স্থাপনা ইত্যাদি) সুষ্ঠু ব্যবহার সুনিশ্চিত করবে।
 - ১০। কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেট এর মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
 - ১১। কমিটি প্রয়োজনবোধে বিশেষ দায়িত্ব পালনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের ব্যক্তির সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবে।
 - ১২। জেলা পর্যায়ে চিকিৎসা/স্বাস্থ্য সেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন করবে।
- ৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রেহানা ইয়াছমিন
উপসচিব।